



(পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ)

দাওরায়ে হাদীস (তাকমীল) পরীক্ষা ১৪৪২ হিজরী/ ১৪২৭ বঙ্গাব্দ/ ২০২১ ঈসাব্দ

নেগরান চাহিদাপত্র

মুহতারাম মুহতামিম সাহেব

মাদরাসা :

السلام عليكم ورحمة الله وبركاته

বা'দ তাসলীম, আশা করি খায়র ও আফিয়াতের সঙ্গে আছেন। মারকাযী ইমতিহানের কাজ শুরু হয়ে গিয়েছে। আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি। প্রতিটি মাদরাসা হতে তাকমীল স্তরের মারকাযে প্রধান নেগরানের দায়িত্ব পালনের যোগ্য একজন নেগরান অবশ্যই দিবেন। সুতরাং আপনার মাদরাসা হতে ২/৩ জন নেগরানের নামসহ আবেদন প্রস্তাব তাঁদের সম্মতিক্রমে পাঠাবেন। উল্লেখ্য, ইমতিহান ৩০ মার্চ ২০২১ ঈ:/১৬ শা'বান ১৪৪২ হি: মঙ্গলবার হতে ১০ দিন হবে। শুক্রবার পরীক্ষা চলমান থাকবে। তাই প্রায় ১১/১২ দিন সময় দিতে হবে। এ সময়ের জন্য নিজেস্বপ্নে পরিপূর্ণ ফারোগ করে নিতে হবে। এতদসঙ্গে নেগরান হওয়ার যোগ্যতার বিষয়টিও উল্লেখ করা হল।

নেগরান হওয়ার যোগ্যতা

নেগরান আবেদনের জন্য শর্তাবলী:

(১) নেগরানে আ'লা হওয়ার যোগ্য হবেন দাওরায়ে হাদীস (তাকমীল) এর বর্তমান শিক্ষক--

(ক) যিনি অন্তত ৫ (পাঁচ) বছর দাওরায়ে হাদীসের কিতাবের দরস দান করছেন;

(খ) দাওরায়ে হাদীসের কেন্দ্রীয় পরীক্ষায় ইতোপূর্বে অন্তত ৩ (তিন) বছর নেগরানী করেছেন;

(গ) পরীক্ষার হল পরিচালনা করার প্রয়োজনীয় দক্ষতা ও উদ্যম রাখেন এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় গোপনীয়তা ও আমানতদারী রক্ষা করবেন;

(ঘ) আল-হাইআতুল উলয়া কর্তৃক আহূত কর্মশালা ও মতবিনিময় সভায় অংশগ্রহণে সম্মত।

(২) সহকারী নেগরানে আ'লা হওয়ার যোগ্য হবেন দাওরায়ে হাদীস (তাকমীল) এর বর্তমান শিক্ষক--

(ক) যিনি অন্তত ৩ (তিন) বছর দাওরায়ে হাদীসের কিতাবের দরস দান করছেন;

(খ) দাওরায়ে হাদীসের কেন্দ্রীয় পরীক্ষায় ইতোপূর্বে অন্তত ২ (দুই) বছর নেগরানী করেছেন;

(গ) পরীক্ষার হল পরিচালনা করার প্রয়োজনীয় দক্ষতা ও উদ্যম রাখেন;

(ঘ) নেগরানে আ'লার নির্দেশ মান্য করবেন এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় গোপনীয়তা ও আমানতদারী বজায় রাখবেন;

(ঙ) আল-হাইআতুল উলয়া কর্তৃক আহূত কর্মশালা ও মতবিনিময় সভায় অংশগ্রহণে সম্মত।

* মহিলা সহকারী নেগরানে আ'লা হওয়ার যোগ্য হবেন- যিনি দাওরায়ে হাদীসের দরস দানের যোগ্যতা রাখেন এবং দাওরায়ে হাদীসের কেন্দ্রীয় পরীক্ষায় ইতোপূর্বে অন্তত ১ (এক) বছর নেগরানী করেছেন।

(৩) সহকারী নেগরান হওয়ার উপযুক্ত হবেন দাওরায়ে হাদীস (তাকমীল) এর বর্তমান শিক্ষক--

(ক) যিনি অন্তত ২ (দুই) বছর যাবতকাল দাওরায়ে হাদীসের কিতাবের দরস দান করছেন;

(খ) প্রধান নেগরানের নির্দেশমত পরীক্ষার হল ও পরীক্ষা গ্রহণ সম্পর্কিত যাবতীয় কাজ আঞ্জাম দিতে সদা তৎপর থাকবেন;

(গ) আল-হাইআতুল উলয়া কর্তৃক আহূত প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণে সম্মত।

* মহিলা সহকারী নেগরান হওয়ার যোগ্য হবেন- যিনি দাওরায়ে হাদীসের দরস দানের যোগ্যতা রাখেন।

(৪) স্থানীয় নেগরান মারকায মাদরাসার শিক্ষক হবেন; মারকায মাদরাসার প্রস্তাবে আল-হাইআতুল উলয়া তাকে নিয়োগ দান করবে।

- মুহতামিম সাহেব উল্লিখিত যোগ্যতার ভিত্তিতে 'পরীক্ষা প্রবিধি' বইয়ের নেগরান বিধি পাঠপূর্বক নেগরান হিসাবে তালিকাভুক্তির প্রস্তাব প্রদানে যত্নবান হবেন এবং এ ধরনের যোগ্যদের ব্যক্তিগত আবেদন ফরম (পূরণ না করে থাকলে) পূরণ করে পাঠাবার ব্যবস্থা করবেন।
- সম্মিলিত আবেদন ফরম পূরণ করা সকলের জন্য আবশ্যিক।
- প্রস্তাবিত নেগরান তালিকা ২৩ রবিউস সানীর আগেই পাঠিয়ে দিতে হবে। নির্ধারিত সময়ের পরে আগত প্রস্তাব বিবেচনা করা কঠিন হবে।